গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, চাঁদপুর
(রাজস্ব শাখা)
পোস্ট কোড- ৩৬০০
www.chandpur.gov.bd.

স্মারক নং- ০৫.৪২.১৩০০.১৫.১১.০০১.২১- ৭০ তারিখ : ২৫ জানুয়ারি ২০২১

# নিয়োগ বিজ্ঞপ্তি

ভূমি মন্ত্রণালয়ের ০৮/১১/২০২০ তারিখের ৩১.০০.০০০০.০৪৬.১১.১১০.১২-৬৪৪ নং স্মারকের ছাড়পত্র এবং বিভাগীয় কমিশনারের কার্যালয়, চট্টগ্রাম ও বিভাগীয় নির্বাচনী বোর্ডের ১১/০১/২০২১ তারিখের ০৫.৪২.০০০০.০০৩.০৩.০০৭ .২০.০৭ নং স্মারকে নিয়োগ বিজ্ঞপ্তি জারীর অনুমোদনের প্রেক্ষিতে চাঁদপুর জেলার রাজস্ব প্রশাসনের আওতায় জেলা প্রশাসকের কার্যালয়ের রাজস্ব শাখা, রেকর্ড রুম শাখা, রেভিনিউ মুন্সিখানা শাখা, জেনারেল সার্টিফিকেট শাখা ও অ: জে: প্র:(রা:) এর গোপনীয় শাখা এবং এর অধীনস্ত উপজেলা ভূমি অফিসসমূহে নিম্নবর্ণিত শূন্য পদের বিপরীতে জনবল নিয়োগের লক্ষ্যে চাঁদপুর জেলার স্থায়ী বাসিন্দাগণের নিকট হতে নিম্নে উল্লিখিত শর্তসাপেক্ষে নির্ধারিত আবেদন ফরমে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

| ক্র: নং | পদের নাম, বেতন গ্রেড ও স্কেল | পদের সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা |
|---|---|---|---|
| ০১ | অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক<br>গ্রেড-১৬ তম, স্কেল-৯৩০০-২২৪৯০/- | ০৯(নয়) টি | এইচ.এস.সি বা সমমানের পরীক্ষায় পাস। কম্পিউটার প্রশিক্ষণ প্রাপ্ত। কম্পিউটার টাইপিংয়ে প্রতি মিনিটে বাংলায় ২০ শব্দ ও ইংরেজীতে ৩০ শব্দ গতি থাকতে হবে। |
| ০২ | নাজির -কাম- ক্যাশিয়ার<br>গ্রেড-১৬ তম, স্কেল-৯৩০০-২২৪৯০/- | ০৬(ছয়) টি | এইচ.এস.সি বা সমমানের পরীক্ষায় পাস। |
| ০৩ | সার্টিফিকেট পেশকার<br>গ্রেড-১৬ তম, স্কেল-৯৩০০-২২৪৯০/- | ০৬(ছয়) টি | এইচ.এস.সি বা সমমানের পরীক্ষায় পাস। |
| ০৪ | সার্টিফিকেট সহকারী<br>গ্রেড-১৬ তম, স্কেল-৯৩০০-২২৪৯০/- | ০৬(ছয়) টি | এইচ.এস.সি বা সমমানের পরীক্ষায় পাস। |
| ০৫ | ক্রেডিট চেকিং-কাম-সায়রাত সহকারী<br>গ্রেড-১৬ তম, স্কেল-৯৩০০-২২৪৯০/- | ০৬(ছয়) টি | এইচ.এস.সি বা সমমানের পরীক্ষায় পাস। |
| ০৬ | কার্যসহকারী<br>গ্রেড-১৬ তম, স্কেল-৯৩০০-২২৪৯০/- | ০১(এক)টি | এইচ.এস.সি বা সমমানের পরীক্ষায় পাস। |
| ০৭ | অফিস সহায়ক<br>গ্রেড-২০ তম, স্কেল-৮২৫০-২০০১০/- | ২৩(তেইশ) টি | স্বীকৃত শিক্ষা প্রতিষ্ঠান হতে ৮ম শ্রেণী পাস |

## আবেদনের শর্তাবলী

১। প্রার্থীকে জন্মসূত্রে বাংলাদেশের নাগরিক ও চাঁদপুর জেলার স্থায়ী নাগরিক হতে হবে।

২। নির্ধারিত সরকারি চাকুরির জন্য ফরমে আবেদন করতে হবে। নির্ধারিত ফরম ছাড়া আবেদন করা হলে সরাসরি বাতিল করা হবে। আগামী ২৫/০২/২০২১ তারিখ অফিস চলাকালীন পর্যন্ত আবেদন ডাকযোগে জেলা প্রশাসকের কার্যালয়, চাঁদপুর এ পৌছাতে হবে। সরাসরি কোন আবেদন গ্রহণ করা হবে না।

৩। সরকারি নীতিমালা মোতাবেক কোটা সংক্রান্ত সরকারি বিধিবিধান অনুসরণ করা হবে। এ ক্ষেত্রে প্রার্থীর তার কোটা দাবীর সমর্থনে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ/প্রমাণ পত্র থাকতে হবে। মুক্তিযোদ্ধা কোটায় আবেদনকারী প্রার্থীদের নির্ধারিত সরকারি চাকুরির জন্য আবেদন ফরমের সাথে 'মুক্তিযোদ্ধাদের তথ্য' সম্পর্কিত নিম্নবর্ণিত ছক পূরণ করতে হবে। উক্ত তথ্য ছক পূরণ না করা হলে আবেদন মুক্তিযোদ্ধা কোটায় বিবেচনা করা হবে না।

মুক্তিযোদ্ধা কোটায় আবেদনকারীগণ নিম্ন ছকে তথ্য প্রদান করতে হবে

| প্রার্থীর নাম | মুক্তিযোদ্ধার নাম | মুক্তিযোদ্ধার পিতার নাম | মুক্তিযোদ্ধার স্থায়ী ঠিকানা | মুক্তিযোদ্ধার জাতীয় পরিচয় পত্র, জন্ম তারিখ<br>জন্ম সনদ<br>মৃত মুক্তিযোদ্ধার ক্ষেত্রে মৃত্যু সনদ | মুক্তি বার্তা নম্বর | গেজেট নম্বর ও তারিখ | মন্ত্রণালয়ের সনদ নম্বর তারিখ ও স্মারক নম্বর | বামুস সনদ নম্বর ও তারিখ | মুক্তিযোদ্ধার নাতি নাতনীর দাবী করার ক্ষেত্রে প্রার্থীর জাতীয় পরিচয় পত্র, পিতা মাতার জাতীয় পরিচয় পত্র | মুক্তিযোদ্ধার উত্তরাধিকারী সনদপত্র, পোষ্যদের ক্ষেত্রে প্রার্থীর পিতা বা মাতার নাগরিকত্ব সনদযুক্ত প্রমাণক | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | | | |

৪। নির্ধারিত সরকারি চাকুরির জন্য আবেদন ফরম (জনপ্রশাসন মন্ত্রণালয়) www.forms.gov.bd ও জেলা প্রশাসক, চাঁদপুর এর www.chandpur.gov.bd ওয়েবসাইট থেকে ডাউনলোড করা যাবে। এছাড়া ইউনিয়ন ডিজিটাল সেন্টারে ফরমটি পাওয়া যাবে।

৪। নির্ধারিত সরকারি চাকুরির জন্য আবেদন ফরম (জনপ্রশাসন মন্ত্রণালয়) www.forms.gov.bd ও জেলা প্রশাসক, চাঁদপুর এর www.chandpur.gov.bd ওয়েবসাইট থেকে ডাউনলোড করা যাবে। এছাড়া ইউনিয়ন ডিজিটাল সেন্টারে ফরমটি পাওয়া যাবে।

৫। প্রার্থীর বয়স ২৫/০২/২০২১ তারিখে ১৮ হতে ৩০ বছরের মধ্যে হতে হবে। বীর মুক্তিযোদ্ধা/শহীদ বীর মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা এবং শারীরিক প্রতিবন্ধী প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা সর্বোচ্চ ৩২ বছর। বীর মুক্তিযোদ্ধা/শহীদ বীর মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যাদের পুত্র-কন্যার ক্ষেত্রে বয়সসীমা ৩০ বছর পর্যন্ত। বয়স প্রমাণের ক্ষেত্রে কোন এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।

৬। নিয়োগের ব্যাপারে কোন প্রকার সুপারিশ বা তদবির প্রার্থীর যোগ্যতার পরিপন্থী বলে বিবেচিত হবে। আবেদন গ্রহণ/বাতিলের বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে। এ বিষয়ে কোন আপত্তি উত্থাপন করা যাবে না।

৭। প্রার্থীদের নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন টিএ/ডিএ দেয়া হবে না।

৮। খামের উপর মোটা অক্ষরে পদের নাম, বিশেষ কোটা (যদি থাকে) এবং বাম পার্শ্বে আবেদনকারীর পূর্ণ নাম ও ঠিকানা স্পষ্টাক্ষরে লিখতে হবে।

৯। কোন নিয়োগ প্রার্থী ক্রমিক নং-০১ থেকে ০৬ নং ক্রমিকে বর্ণিত যে কোন একটি পদে আবেদন করতে পারবেন। একাধিক পদের জন্য আবেদন করতে পারবেন না। কোন প্রার্থী একাধিক পদে আবেদন করলে তা স্বয়ংক্রিয়ভাবে বাতিল বলে গণ্য হবে।

১০। চাকুরিরত প্রার্থীদেরকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে নির্ধারিত সময়ের মধ্যে আবেদন পত্র পৌছাতে হবে। এ ক্ষেত্রে আবেদনের কোন অগ্রিম কপি গ্রহণযোগ্য হবে না। প্রার্থীদেরকে অবশ্যই মৌখিক পরীক্ষর সময় সংশ্লিষ্ট নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক অনাপত্তি ছাড়পত্রের মূলকপি জমা দিতে হবে।

১১। লিখিত পরীক্ষায় নির্বাচিত প্রার্থীদের মৌখিক পরীক্ষার সময় সংশ্লিষ্ট সকল শিক্ষাগত সনদ/অভিজ্ঞতার সনদ (প্রযোজ্য ক্ষেত্রে)/কোটার সনদ বা প্রমাণপত্র/ জাতীয় পরিচয়পত্র এর মূল কপি প্রদর্শন করতে হবে এবং পূরণকৃত Application Formসহ আবেদনে দাখিলকৃত সকল সনদ এবং প্রবেশপত্রসহ সত্যায়িত একসেট ফটোকপি দাখিল করতে হবে। এছাড়া জেলার স্থায়ী বাসিন্দা প্রমাণক হিসেবে ইউনিয়ন পরিষদ/পৌরসভা কর্তৃক প্রদত্ত সনদ, জাতীয় পরিচয়পত্রের ফটোকপি এবং বীর মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যা হলে আবেদনকারী যে বীর মুক্তিযোদ্ধা/শহীদ বীর মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যা এ মর্মে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/কাউন্সিলর কর্তৃক প্রদত্ত সনদের সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে।

১২। কর্তৃপক্ষ শূন্য পদ সংখ্যা হ্রাস/বৃদ্ধির ক্ষমতা সংরক্ষণ করেন।

১৩। কোন প্রকার কারণ প্রদর্শন ছাড়াই কর্তৃপক্ষ যে কোন সময়ে/ পর্যায়ে নিয়োগ প্রক্রিয়া স্থগিত/ বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

১৪। প্রার্থীর যোগ্যতা যাচাই : প্রার্থী কর্তৃক প্রদত্ত কোন তথ্য বা দাখিলকৃত কাগজপত্র জাল, মিথ্যা বা বিজ্ঞপ্তিতে চাওয়া ন্যূনতম শর্তের সাথে গরমিল/অসামঞ্জস্য পাওয়া গেলে, ভুয়া প্রমাণিত হলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে সংশ্লিষ্ট প্রার্থীর প্রার্থীতা বাতিল করা হবে এবং তার বিরুদ্ধে যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে। ভুল তথ্য/জাল কাগজপত্র প্রদর্শিত হলে পরীক্ষায় উত্তীর্ণ যে কোন প্রার্থীর প্রার্থীতা পরীক্ষা চলাকালীন অথবা পরবর্তীতে যে কোন সময়ে বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

১৫। অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ ও নির্ধারিত তারিখের পরে প্রাপ্ত আবেদন সরাসরি বাতিল বলে গণ্য হবে।

১৬। নিয়োগ সংক্রান্ত বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

১৭। উল্লেখ করা হয়নি এমন ক্ষেত্রে সরকারের সর্বশেষ জারিকৃত বিধি-বিধান প্রযোজ্য হবে।

১৮। আবেদন পত্রের সাথে নিম্নবর্ণিত কাগজপত্রাদি সংযুক্ত করতে হবে।

ক) প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত সদ্য তোলা ৪(চার) কপি ৫×৫ সে.মি. আকারের রঙ্গিণ ছবি আবেদন ফরমের নির্ধারিত স্থানে সংযুক্ত করতে হবে। সত্যায়ন কর্মকর্তার নাম, পদবিযুক্ত স্পষ্ট সীল থাকতে হবে।

খ) সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/পৌরসভার মেয়র কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব ও জন্ম নিবন্ধন সনদপত্র;

গ) শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার সনদপত্রের (প্রযোজ্য ক্ষেত্রে) ফটোকপি (প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক নামযুক্ত সীল দ্বারা সত্যায়িত);

ঘ) প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক নামযুক্ত সীল দ্বারা প্রদত্ত চারিত্রিক সনদপত্র।

ঙ) পরীক্ষার ফি বাবদ ক্রমিক নং-০১-০৬ পর্যন্ত পদের অনুকূলে ১০০/=( একশত) টাকা এবং ক্রমিক নং-০৭ এ উল্লিখিত পদের অনুকূলে ৫০/- (পঞ্চাশ) টাকা সোনালী ব্যাংকের যে কোন শাখার ১-০৭৪২-০০০০-২০৩১ নম্বর কোডে শুধুমাত্র ট্রেজারী চালানের মাধ্যমে জমা প্রদান করতে হবে। ব্যাংক ড্রাফট, পে-অর্ডার ইত্যাদি গ্রহণযোগ্য হবে না। ট্রেজারী চালানের মূল কপি দরখাস্তের সাথে সংযুক্ত করতে হবে।

চ) উল্লিখিত মুক্তিযোদ্ধা কোটায় আবেদনের ক্ষেত্রে 'মুক্তিযোদ্ধাদের তথ্য' সম্পর্কিত ছক পূরণ করে নির্ধারিত সরকারি চাকুরির আবেদনের সাথে সংযুক্ত করতে হবে।

ছ) প্রার্থীর যোগাযোগের ঠিকানা সম্বলিত এবং অব্যবহৃত ১০(দশ) টাকার ডাকটিকেটযুক্ত ৪.৫´X১০´ সাইজের একটি ফেরত খাম আবেদনের সাথে দাখিল করতে হবে।

২৫/০১/২০২১

(অঞ্জনা খান মজলিশ )
জেলা প্রশাসক
চাঁদপুর
ফোন নং : ০৮৪১-৬৩১১১
ই-মেইল : dcchandpur@mopa.gov.bd

২৫/০১/২১

স্মারক নং- ০৫.৪২.১৩০০.১৫.১১.০০১.২১- ৭০ (৬০)

তারিখ : ২৫ জানুয়ারি ২০২১

অনুলিপি : সদয় জ্ঞাতার্থে ।

১। সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। চেয়ারম্যান, ভূমি সংস্কার বোর্ড, ঢাকা।
৪। বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।

জ্ঞাতার্থে ও কার্যার্থে :

১। পুলিশ সুপার, চাঁদপুর।
২। প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, চাঁদপুর।
৩। সিভিল সার্জন, চাঁদপুর।
৪। উপজেলা নির্বাহী অফিসার, ..............................................(সকল), চাঁদপুর। ফরম সংগ্রহ ও পূরণে প্রার্থীদেরকে সহযোগিতা করার জন্য ইউনিয়ন ডিজিটাল সেন্টারের পরিচালকগণকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের অনুরোধ করা হলো ।
৫। সহকারী কমিশনার (ভূমি),...............................................(সকল), চাঁদপুর।
৬। সহকারী কমিশনার, আইসিটি শাখা, চাঁদপুর। জেলা পোর্টালে অত্র বিজ্ঞপ্তি ও নির্ধারিত ফরমসমূহ আপলোড করার জন্য অনুরোধ করা হলো।
৭। জেলা তথ্য অফিসার, চাঁদপুর। মাইকযোগে বহুল প্রচারের জন্য ।
৮। সম্পাদক, দৈনিক সমকাল, ঢাকা/The Financial Express/ দৈনিক চাঁদপুর প্রবাহ, চাঁদপুর। বিজ্ঞপ্তিটি আগামী ২৭/০১/২০২১ তারিখের মধ্যে ০১(এক) দিনের জন্য আপনার পত্রিকায় প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো। পত্রিকায় প্রকাশিত বিজ্ঞপ্তির ২(দুই) কপি অত্র কার্যালয়ে প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

২৫/০১/২০২১

জেলা প্রশাসক
চাঁদপুর।

২৫/০১/২১